

ফতওয়া নং ২৬৬

প্রশ্ন:

জনাবে আশ্লামা আপনার কাছে একটি প্রশ্ন যাকাতের পয়সা দিয়ে কবরস্থান ঘেরা হবে বা মসজিদে কোন কাজ করা যাবে?

উত্তর:

যাকাতের মাল সম্পূর্ণ গরীবের হক। অতএব যাকাতের পয়সা দিয়ে কবরস্থান ঘেরা বা মসজিদের কোনো কাজ করা যাবে না। গরীবদেরকে এর মালিক করে দিতে হবে। গরীবদেরকে মালিক করে দেওয়ার পর, তারা স্বেচ্ছায় উক্ত পয়সা এসব কাজে ব্যয় করতে চাইলে করতে পারে; সে ক্ষেত্রে কোন দোষ হবে না। (ফাতাওয়া দারুল উলুম দেওবন্দ ৬/১৮৯)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
১২ শাবান, ১৪৪৫ হিজরী (23/02/2024)